

# পিইসি-জেএসসি পরীক্ষার ফল ২৫ থেকে ২৭ ডিসেম্বরের মধ্যে

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, বুধবার, ০৫ ডিসেম্বর ২০১৮

পঞ্চম শ্রেণীর প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী এবং অষ্টম শ্রেণীর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার ফল আগামী ২৫ থেকে ২৭ ডিসেম্বরের মধ্যে প্রকাশ করতে সময় চেয়ে প্রধানমন্ত্রীর কাছে প্রস্তাব পাঠিয়েছে দুই মন্ত্রণালয়।

শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা নাম প্রকাশ না করার শত্রে বলেন, ‘জেএসসি ও জেডিসি পরীক্ষার ফল ২৫ থেকে ২৭ ডিসেম্বরের মধ্যে প্রকাশ করতে প্রধানমন্ত্রীর কাছে সময় চাওয়া হয়েছে। তিনি যেদিন সময় দেবেন সেদিন ফল প্রকাশ করা হবে।’

আরু প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা বলেন, ‘প্রাথমিক শিক্ষা সমাপনীর ফল ২৬ বা ২৭ ডিসেম্বর প্রকাশ করার জন্য প্রধানমন্ত্রীর কাছে সময় চাওয়া হয়েছে। এজন্য গত ৩ ডিসেম্বর প্রধানমন্ত্রীর কাছে প্রস্তাব পাঠানো হয়েছে।’

গত ১৮ থেকে ২৬ নভেম্বর প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হয়।

এই পরীক্ষায় ৩০ লাখ ৯৫ হাজার ১২৩ জন ক্ষুদে  
শিক্ষার্থী অংশ নেয়। আর গত ১ থেকে ১৫  
নভেম্বর পয়স্ত অনুষ্ঠিত হয় জেএসসি ও জেডিসি  
পরীক্ষা। এই পরীক্ষায় এবার অংশ নেয় ২৬ লাখ  
৭০ হাজার ৩৩৩ জন শিক্ষার্থী।

সাধারণত ডিসেম্বরের শেষে দুই সমাপনীর ফল  
প্রকাশ করা হয়। এবার ৩০ ডিসেম্বর একাদশ  
জাতীয় সংসদ নির্বাচনে ভোটের দিন নির্ধারিত  
থাকায় তার আগেই ফল প্রকাশের প্রস্তুতি নিয়েছে  
দুই মন্ত্রণালয়।